দামুড়হুদায় ভাষা শহীদের স্মরণে এমআর লজিস্টিকস ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

দামুড়হুদায় ভাষা শহীদের স্মরণে এমআর লজিস্টিকস ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। দামুড়হুদার ঐতিহ্যবাহী ইয়াংস্টার ক্রিকেট ক্লাবের ২৫ বছর পূর্তী উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশন (ডিএফএ) সভাপতি পদপ্রার্থী দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি এমআর লজিস্টিকস বিডি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এখলাছ উদ্দীন সুজনের পৃষ্ঠপোষকতায় শুক্রবার বিকেলে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের সভাপতি এমআর লজিস্টিকস বিডি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এখলাছ উদ্দীন সুজনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

দামুড়হুদা ইয়াং স্টার ক্লাবের আয়োজনে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা ইয়াংস্টার ক্লাবের সভাপতি ও প্রধান পৃষ্ঠপোষক এমরাজ উদ্দিন খোকন ও দামুড়হুদা প্রেসক্লাবের অর্থ সম্পাদক শমশের আলী।

দামুড়হুদা নিউ স্টার ক্লাব বনাম মোক্তারপুর ক্রিকেট একাদশের মধ্যে টুর্নামেন্টের উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হয়। টর্সে জিতে দামুড়হুদা নিউ স্টার ক্লাব প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ১৪ ওভারে ৭ উইকেট হারিয়ে ৮২ রান সংগ্রহ করে। ৮৩ রানের টার্গেটে ব্যাট করতে নেমে মোক্তারপুর ক্রিকেট একাদশ ১৩ ওভার ২ বলে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৫৮ রান সংগ্রহ করে। ফলে দামুড়হুদা নিউ স্টার ক্লাব ২৪ রানে জয়লাভ করে। দামুড়হুদা নিউ স্টার ক্লাবের খেলোয়াড় জয় (গাংনী, মেহেরপুর) ৩ ওভার বল করে মাত্র ৪ রানের খরচায় ৩ উইকেট নিয়ে ম্যান অফ দি ম্যাচ নির্বাচিত হন।

খেলায় আম্পায়ার ছিলেন আবুল বাশার ও মুকিত আহম্মেদ। ধারাভাষ্য দেন ইমরান নাজির লিটন। স্কোরার ছিলেন মোস্তাফিজুর রহমান। আজ শনিবার

একই সময় একই মাঠে এমআর লজিস্ট্রিকস বনাম স্টুডেন্ট কেয়ার কোচিং সেন্টার ক্রিকেট একাদশের মধ্যে টুর্নামেন্টের ২য় খেলা অনুষ্ঠিত হবে।